



উপজেলা পরিক্রমা

গাবতলী

গাবতলী (বগুড়া), ২৮ ফেব্রুয়ারী (সংবাদদাতা)।— নদী-নালা, খাল-বিলে পরিপূর্ণ বগুড়া জেলার অন্তর্গত একটি জনবহুল উপজেলার নাম গাবতলী। প্রচুর পাট, ধান, মরিচ, আলু, মাছ, শাক-সব্জীতে ভরপুর। এই উপজেলার উত্তরে সোনাতলা, দক্ষিণে বগুড়া সদর, পূর্বে সারিয়াকান্দি ও পশ্চিমে শিবগঞ্জ উপজেলা অবস্থিত। এ উপজেলার আয়তন ৯৩ বর্গমাইল। জনসংখ্যা ২,৩৯,৮৫২ জন। গ্রাম ১১২টি ও ১০টি ইউনিয়নের প্রতি বর্গমাইলে জনসংখ্যা ২,৩৮৬ জন। পুরুষ ১,৩১,১৬১ জন ও ১,০৮,৬৯১ জন স্ত্রী লোকের সমন্বয়ে এই উপজেলা গঠিত।

কৃষি

এ উপজেলায় শতকরা ৮৫ জন লোক কৃষিজীবী। উপজেলার মোট জমির পরিমাণ ১,৪৭,০০০ একর। আবাদী জমি ৮৫,৭৭২ একর। আবাদযোগ্য পতিত জমি ১৬,০০০ একর। এক ফসলী জমির পরিমাণ ৯,৬৬১ একর। দো-ফসলী জমির পরিমাণ ৪২,৭৬৩ একর ও তিন ফসলী জমির পরিমাণ ১৭,৩১৮ একর।

শিক্ষা

এ উপজেলায় ৩টি কলেজ, ২৩টি হাই স্কুল, ৯৩টি সরকারী প্রাথমিক বিদ্যালয়, ১২টি মাদ্রাসা, ১টি বালিকা বিদ্যালয়, হাফেজী মাদ্রাসা ১০টি। কিন্তু প্রতিষ্ঠানগুলো সমস্যায় জরাজীর্ণ। অভাব-অনটন, আসবাবপত্র, বিজ্ঞান সরঞ্জাম, বইপত্র, বিদ্যালয় ভবনের অবস্থা

এ উপজেলার শিক্ষা ক্ষেত্রে কর্তৃক অবস্থার সৃষ্টি করেছে।

চিকিৎসা

এ উপজেলায় ১টি স্বাস্থ্য কমপ্লেক্স ও ৯টি দাতব্য চিকিৎসালয় রয়েছে। কিন্তু এগুলোতে প্রয়োজন অনুপাতে ওষুধ সরবরাহ না করায় রোগীরা সুচিকিৎসা হতে বঞ্চিত। হাসপাতালে চিকিৎসাধীন রোগীদের বাইরে থেকে ওষুধ কিনতে হয়।

যোগাযোগ

গাবতলী উপজেলার বহুবিধ সমস্যার মধ্যে প্রধান সমস্যা হল যাতায়াত সমস্যা। ভাল রাস্তা-ঘাট নেই। শুধু বগুড়া-সারিয়াকান্দি রাস্তাই পাকা। সরকারী ও বেসরকারী দ্রুত কোন কাজে উপজেলার অভ্যন্তরে যাতায়াতের কোন পাকা রাস্তা নেই।

বিদ্যুৎ ব্যবস্থা

এই উপজেলায় বিদ্যুৎ নামেমাত্র বললেই চলে। এই অঞ্চলের বিদ্যুৎ সরবরাহ করার জন্য বর্তমানে সংসদ সদস্যের প্রচেষ্টায় এখানে একটি সাব স্টেশন স্থাপনের কাজ দ্রুতগতিতে এগিয়ে চলেছে।

হাট-বাজার

এ উপজেলায় ছোট-বড় মিলিয়ে বেশ কয়েকটি হাট-বাজার আছে। এর মধ্যে ৬টি হাট প্রসিদ্ধ। ২টি হাট পাকা রাস্তার উপর অবস্থিত। হাট-বাজারগুলোর আয়তন অনুপাতে সেগুলোর অবস্থা কর্তৃক